

ওপেন এডুকেশনাল রিসোর্সেস কংগ্রেসে যোগ দিতে শ্লোভেনিয়ায় গেছেন শিক্ষামন্ত্রী

ঢাকা, ১৭ সেপ্টেম্বর

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ 'দ্বিতীয় ওয়ার্ল্ড কংগ্রেস অন ওপেন এডুকেশনাল রিসোর্সেস (ওইআর)' সম্মেলনে যোগ দিতে শ্লোভেনিয়ার উদ্দেশ্যে গতরাতে ঢাকা ত্যাগ করেছেন। আগামী ১৮-২০ সেপ্টেম্বর শ্লোভেনিয়ার রাজধানী লুবজানায় এ কংগ্রেস অনুষ্ঠিত হবে। ইউনেস্কো এবং শ্লোভেনিয়ার শিক্ষা, বিজ্ঞান ও ক্রীড়া মন্ত্রণালয় যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করেছে।

এবারের সম্মেলনের প্রতিপাদ্য হচ্ছে 'ওইআর ফর ইনক্লুসিভ এন্ড ইকুইটেবল কোয়ালিটি এডুকেশন'। শিক্ষামন্ত্রী সম্মেলনের ওপেন এডুকেশনাল রিসোর্সেস এবং গুণগত মানসম্পন্ন শিক্ষা বিষয়ক মন্ত্রী পর্যায়ের গোলটেবিল বৈঠকে অংশগ্রহণ করবেন। বৈঠকে এসডিজি-৪ এর মানসম্পন্ন শিক্ষা বাস্তবায়নে এবং জীবনব্যাপী শিক্ষণ সুযোগ তৈরিতে ওইআর-এর ভূমিকা ও ব্যবহার নিয়ে আলোচনা হবে।

ওপেন এডুকেশনাল রিসোর্সেস কংগ্রেসে 'লুবজানা ওইআর একশন প্লান-২০১৭' গ্রহণ করা হবে।

জনাব নাহিদ আগামী ২১ সেপ্টেম্বর দেশে ফিরবেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯